## সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর
## (প্রতিরক্ষা মন্ত্রণালয়)
## ঢাকা সেনানিবাস

# নিয়োগ বিজ্ঞপ্তি

Jobstestbd.com

১। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়), ঢাকা সেনানিবাস এবং ইহার আওতাধীন আন্তঃবাহিনী মেডিকেল ইউনিট সমূহে নিম্নেবর্ণিত শূন্য পদে বেসামরিক লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ মোতাবেক) | যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব জেলার প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|---|
| ১। | রিসার্চ এ্যাসিসটেন্ট গ্রেড-২ (জাতীয় বেতন স্কেল-২০১৫ মোতাবেক গ্রেড-১৪) | ০১ | ১০,২০০-২৪,৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বিষয়সহ বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী । | ক্রমিক ০১ হতে ৩ এর জন্যঃ রাজবাড়ী, শরিয়তপুর, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, গোপালগঞ্জ, কুমিল্লা, জয়পুরহাট, পাবনা, নঁওগা, নাটোর, বগুড়া, কুড়িগ্রাম, নীলফামারী, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুড়া, নড়াইল, বাগেরহাট, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী এবং সুনামগঞ্জ<br><br>তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২। | কম্পিউটার মুদ্রাক্ষরিক (অফিস করণিক/ টাইপিষ্ট কাম করণিক/ এলডিএ-কাম-টাইপিষ্ট) (গ্রেড-১৬) | ০৫ | ৯,৩০০-২২,৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তৎসহ প্রতি মিনিটে মুদ্রাক্ষরে/ কম্পিউটারে টাইপিং এর গতি বাংলা- প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজি- প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ । | |
| ৩। | এফ ডব্লিউ এ (ফ্যামিলি ওয়েলফেয়ার এ্যাসিসটেন্ট) (গ্রেড-১৬) | ১২ | ৯,৩০০-২২,৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা এফ ডব্লিউ এ পদে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের সিজিপিএ-তে সার্টিফিকেট কোর্স বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৪। | পেইন্টার (গ্রেড-১৮) | ০১ | ৮,৮০০-২১,৩১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং পেইন্টার পদে ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা | ক্রমিক ৪ হতে ১৪ এর জন্যঃ গাজীপুর, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, চাঁদপুর, জয়পুরহাট, নাটোর, বগুড়া, রংপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুড়া, নড়াইল, বাগেরহাট, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী এবং হবিগঞ্জ |
| ৫। | ল্যাব পরিচারক (গ্রেড-১৯) | ০১ | ৮,৫০০-২০,৫৭০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | |
| ৬। | অগ্নিনির্বাপক (গ্রেড-১৯) | ০১ | ৮,৫০০-২০,৫৭০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। | |
| ৭। | ল্যাব বিয়ারার (গ্রেড-১৯) | ০১ | ৮,৫০০-২০,৫৭০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। | তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৮। | পেকার (গ্রেড-১৯) | ০২ | ৮,৫০০-২০,৫৭০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। | |
| ৯। | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০৭ | ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১০। | শ্রমিক (গ্রেড-২০) | ০২ | ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে । | |
| ১১। | আয়া (গ্রেড-২০) | ০৩ | ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, মহিলা প্রার্থী হইতে হইবে এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। | |
| ১২। | মালী (গ্রেড-২০) | ০১ | ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে । | |
| ১৩। | মেসওয়েটার (গ্রেড-২০) | ০১ | ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। | |
| ১৪। | পরিচ্ছন্নতাকর্মী (গ্রেড-২০) | ০৫ | ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হরিজন সম্প্রদায়ের প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে | |

**আবেদনপত্র পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় ঃ**

১। ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সকল প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি চাকুরিতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র পুরনের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। মৌখিক পরীক্ষার সময় সরকারি চাকুরিরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি দাখিল করবে।

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

৫। এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ।

Jobstestbd.com

৭। **আবেদনপত্র পুরণ সংক্রান্ত শর্তাবলী ঃ**

ক। এই বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে Online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://dgms.teletalk.com.bd ওয়েবসাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে । ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক Online-এ আবেদনপত্র পুরণ করতে হবে। আবেদন ও ফি জমাদানের সময়সীমা নিম্নরূপ ঃ

(১) Online-এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ঃ ০৫ জানুয়ারি ২০২১।

(২) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ ২৫ জানুয়ারি ২০২১।

(৩) উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit - এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন ।

খ। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel), File size maximum 60 kb ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel), File size maximum 100 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন ।

গ। যেহেতু Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃ পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ। প্রার্থী Online-এ পুরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন ।

ঙ। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান** ঃ Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে । নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন । Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বারো) টাকা {পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা} এবং ৪-১৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা {পরীক্ষার ফি বাবদ ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/-} অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা ।

প্রথম SMS : DGMS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে ।

দ্বিতীয় SMS : DGMS <space>Yes <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে ।

ফিরতি SMS এ Password পাবেন । এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download -এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন ।

চ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgms.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনাগুলো তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয় ।

ছ। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে ।

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন ঃ

(১) User ID জানা থাকলে DGMS<Space>HELP<Space>USER<Space>USER ID & Sned to 16222. (Example: DGMS HELP USER ABCDEF & Send to 16222)

(২) PIN Number জানা থাকলে DGMS<Space>HELP<Space>PIN<Space>PIN No & Sned to 16222. (Example : DGMS HELP USER ABCDEF & Send to 16222)

ঝ। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (ডিজিএমএস) এর কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় এর নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আদেনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য http://dgms.teletalk.com.bd এ পাওয়া যাবে ।

৮। **প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ**

ক। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে । ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ঃ

(১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

(২) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে ।

(৩) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।

(৪) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৫) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ।

খ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না ।

৯। **বিবিধ ঃ**

ক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে ।

খ। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে ।

আই এস পি আর/বিবিধ/২৪০০

৩১/১২/২০২০

পর্ষদ সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি

সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়)

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

Jobstestbd.com

স-১৩ (১২.৫×৮)